মেহেরপুরে বিশ্ব শিক্ষক দিবসে ৫ গুণী শিক্ষককে সম্মাননা প্রদান

মেহেরপুর বিশ্ব শিক্ষক দিবস উপলক্ষে জেলার গুণী ৫ শিক্ষককে সম্মাননা প্রদান করা হয়েছে। আজ শনিবার (৫ অক্টোবর) বিকেলে মেহেরপুর জেলা শিল্পকলা একাডেমি মিলনায়তনে শিক্ষকদের সম্মাননা প্রদান করা হয়।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ মেহেরপুর জেলার গুনি ৫ শিক্ষকের হাতে সম্মাননা পুরস্কার তুলে দেন। সম্মাননা প্রাপ্ত শিক্ষকরা হলেন, গাংনী বাঁশবাড়িয়া মাধ্যমিক বিদ্যালয়ের সহকারী শিক্ষক দিলারা আফরোজ, আমঝুপি ফাজিল মাদ্রাসার এবতেদায়ী মৌলভী আহসানুজ্জামান, একই মাদ্রাসার আইসিটি সহকারী শিক্ষক দিলরুবা পারভীন, মেহেরপুর দারুল উলুম আহমদীয়া ফাজিল মাদ্রাসার সহকারী অধ্যাপক সোলায়মান হোসেন, এবং বামুন্দী সরকারী প্রাথমিক বিদ্যালয় প্রধান শিক্ষক হাফিজুর রহমান বকুল।

সম্মাননা প্রদান অনুষ্ঠানে অন্যদের মধ্যে মেহেরপুর সরকারি কলেজের অধ্যক্ষ প্রফেসর ড. এ কে এম নজরুল কবির, অতিরিক্ত জেলা ম্যাজিস্ট্রেট রনি আলম নুর,সরকারি মহিলা কলেজের ভারপ্রাপ্ত অধ্যক্ষ প্রফেসর আবদুল্লাহ আল আমিন, জেলা শিক্ষা অফিসার আব্বাস উদ্দিন, জেলা প্রাথমিক শিক্ষা অফিসার রুহুল আমিন,পুলিশ পরিদর্শক আব্দুল আলিম, জেলা শিক্ষা অফিসের গবেষণা কর্মকর্তা আখতারুজ্জামান উপস্থিত ছিলেন।

জেলা প্রশাসক সিফাত মেহনাজ বলেন,শিক্ষক হচ্ছেন মানুষ গড়ার কারিগর। বাবা মা সন্তানের লালন পালনের দায়িত্ব নিলেও সন্তানকে শিক্ষা দেন শিক্ষক। সকল শিক্ষক শ্রদ্বেয়। প্রত্যেক শিক্ষক সম্মানীয়। শিক্ষকেদর মর্যাদা যেন কোন ক্রমে নস্ট না হয়,কোক শিক্ষকের,মনে যেন কোন শিক্ষার্থী দুঃখ না দেয় সে বিষয়ে সকলকে দায়িত্ববান হতে হবে। পিতামাতাদেরও শিক্ষাগুরুর মর্যাদা সপ্মর্কে সন্তানদের সচেতন করতে হবে।

শিক্ষকদের উদ্দেশ্য করে জেলা প্রশাসক বলেন, শিক্ষার মান উন্নয়নে শিক্ষকদের আরও দায়িত্ববান হতে হবে। সরকারি বিদ্যালয়ে লেখাপড়ার

মান বৃদ্ধি করতে হবে। প্রাইভেট বিদ্যালয়ের সাথে প্রতিযোগীতা করতে পারলে সরকারি বিদ্যালয়ে শিক্ষার্থীরা বেশি বেশি মনোযোগী হবে।